তারিখ 29 APR 1997
পৃষ্ঠা 7 কলাম 4

আজকের কাগজ

250

## ঢাকা সিটি কলেজ

# শিক্ষক ও ছাত্রদের পরস্পর বিরোধী বক্তব্য

**কাগজ প্রতিবেদক :** গতকাল সিটি কলেজ অবিলম্বে খুলে দেয়া ও অধ্যক্ষের পদত্যাগের দাবীতে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ মিছিল করে। কলেজ ছাত্র সংসদের পক্ষে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কলেজ সংসদের ভিপির বিরুদ্ধে যে অভিযোগ তোলা হয়েছে তা বাস্তবতা বিবর্জিত। কারণ কলেজের ভিপি মনির হোসেন কাজল বহুদিন দরে পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন ছিলো। সেই ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের অবৈধ উপায়ে ভর্তির ব্যাপারে অধ্যক্ষকে চাপ সৃষ্টির কোনো প্রশ্নই আসে না। প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, ২৭ এপ্রিল কলেজের ছাত্র-ছাত্রীরা অধ্যক্ষের অপসারণের দাবীতে শান্তিপূর্ণভাবে মিছিল করে। কোনো প্রকার বোমাবাজি, অস্ত্র প্রদর্শন বা কোনো শিক্ষককে লাঞ্ছিত করা হয়নি।

অন্যদিকে কলেজের গভর্নিং বডির পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে কিছুদিন যাবৎ কলেজ ক্যাম্পাসে যে অবস্থা চলছে তাতে কোনোভাবেই সত্যিকার লেখা-পড়ার পরিবেশ নেই। কলেজ ক্যাম্পাসে গোলাগুলি ও বোমাবাজি নিত্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। এছাড়া শিক্ষকদের ভয়ভীতি প্রদর্শন ও তাদের প্রাণনাশের হুমকি প্রদান কলেজের পরিবেশকে মারাত্মভাবে ক্ষুণ্ন করছে। এছাড়া বিজ্ঞপ্তিতে আরো উল্লেখ করা হয়েছে যে, কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে যে স্বজনপ্রীতি ও দুর্নীতির অভিযোগ উঠেছে তা ভিত্তিহীন ও বাস্তবতা বিবর্জিত।